শেখ হাসিনার বিচারের দাবীতে ঝিনাইদহে ছাত্র জনতার বিক্ষোভ সমাবেশ

পলাতক সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে দেশে ফিরিয়ে এনে ফাঁসির দাবীতে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন, জেলা ছাত্রদল ও ছাত্র শিবির পৃথক পৃথক ভাবে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে।

আজ বৃহস্পতিবার (১৫ আগস্ট) ঝিনাইদহ শহরের বিভিন্ন প্রান্ত থেকে এসব সংগঠনের কর্মীরা শহরের পায়রা চত্বর ও পোষ্ট অফিস মোড়ে জড়ো হয়। সেখানে তারা দিনব্যাপী অবস্থান কর্মসুচি গ্রহন করে। জেলার কালীগঞ্জ, শৈলকুপা, মহেশপুর ও কোটচাঁদপুর উপজেলা শহরেও বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন, বিএনপি ও জামায়াতের নেতাকর্মীরা পৃথক ভাবে কর্মসুচি পালন করে। তবে জেলাব্যাপী কোথাও আওয়ামী লীগের পক্ষ থেকে ১৫ই আগষ্ট পালনের খবর পাওয়া যায়নি।

বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক শারমিন সুলতানা জানান, কেন্দ্রীয় কর্মসুচি হিসেবে তারা শহরের পোষ্ট অফিস মোড়ে দিনব্যাপী অবস্থান কর্মসুচি পালন করছেন। তিনি আরও বলেন, পতিত স্বৈরাচার ও তার দোসররা যাতে শহরেরে কাথাও ঢুকতে না পারে সে জন্য তারা সজাগ আছে।

অপরদিকে ঝিনাইদহ জেলা ছাত্রদলের সভাপতি এমএম সোমেনুজ্জামান সোমেন জানান, পলাতক সাবেক প্রধানমন্ত্রী পতিত স্বৈরাচার শেখ হাসিনাকে দেশে ফিরিয়ে এনে ফাঁসির দাবী করেন। তাছাড়া শহরে যাতে আ’লীগের কর্মীরা নাশকতা সৃষ্টি করতে না পারে সেজন্য শত শত নেতাকর্মী পাড়ায় পাড়ায় সতর্ক পাহারা বসানো হয়েছে।

এছাড়াও ঝিনাইদহের কালীগঞ্জে ৪ দফা দাবিতে “রেজিস্ট্যান্স উইক” কর্মসূচির অংশ হিসেবে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের শিক্ষার্থীরা।

অসহায় মানুষের সেবায় কোটচাঁদপুরে মাজেদুল ইসলাম

সাধারণ মানুষেকে সহযোগিতা ও সরকারি অনুদানের সুষ্ঠু বন্টন করতেই আসন্ন উপজেলা নির্বাচনে অংশ গ্রহন করা বলে জানিয়েছেন মাজেদুল ইসলাম (মিন্টু ঢালী)। তিনি কোটচাঁদপুরের বলুহর গ্রামের ঢালী পাড়ার বাসিন্দা।

জানা যায়, মাজেদুল ইসলাম (মিন্টু ঢালী)। বয়স ৪৬ বছর,পিতা,মৃত, তোফাজ্জেল হোসেন ঢালী। তিনি তোফাজ্জেল হোসেন ঢালীর এক মাত্র পুত্র।পারিবারিক জীবনে মাজেদুল ইসলাম ২ কণ্যা ও ১ পুত্র সন্তানের জনক।

তাঁর লেখাপড়ার হাতে খড়ি হয় বলুহর সরকারী প্রাথমিক বিদ্যালয় থেকে। মহেশপুরের খালিশপুর বহুমুখী মাধ্যমিক বিদ্যালয় (বিজ্ঞান বিভাগ) থেকে মাধ্যমিকের গন্ডি পার করেন তিনি। আর উচ্চ মাধ্যমিক পাশ করেন হাজি মোহম্মদ মহাসিন কলেজ থেকে এবং এলএলবি করেছেন সোনারগাঁও বিশ্ববিদ্যালয়ে। এরপর মাজেদুল ইসলাম ভর্তি হয়েছিলেন সার্ভে কোম্পানির প্রশিক্ষনে। প্রশিক্ষন শেষে যোগদান করেছিলেন জিওডেটিক সার্ভে কোম্পানিতে। পরে পদন্নতি লাভ করে তিনি জিওডেটিক সার্ভে কোম্পানির চট্টগ্রাম বিভাগের (বিভাগীয় প্রধানের) দ্বায়িত্ব পালন করেন ১২ বছর। করোনা বাদসাদে তাঁর চাকুরীতে। চলে আসেন কোটচাঁদপুরে।

এরপর তিনি বলুহর বাসস্ট্যান্ডের সাফদারপুর সড়কে গড়ে তোলেন ৫ তলা বিশিষ্ট ভবন, এর ১ম তলা ও ২য় তলা নিজের ব্যাবসায়িক অফিস। ওই অফিসেই কঠোর পরিশ্রম আর অভিজ্ঞা কাজে লাগিয়ে গড়ে তুলেছেন নিজের সার্ভে কোম্পানি।

এ অফিস থেকে পরিচালিত হয় দেশের ৪৯৫ টি উপজেলায় সার্ভের কার্যক্রম। এ কাজে নিয়োজিত রয়েছে ৩০ জন দক্ষ কর্মী। ৫০ টি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান থেকে যে পারিশ্রমিক পান তিনি, তা থেকে সরকারের ভ্যাট ট্যাক্স পরিশোধ করেন। বেতন-ভাতা দেন তাঁর অধিনস্থদের। বাকি টাকা ব্যয় করেন মানুষের সহযোগিতায়। এ ছাড়া ইতোমধ্যে তিনি নিজের নামে গড়ে তুলেছেন ৮ টি সু-নামধন্য প্রতিষ্ঠান। যার মধ্যে রয়েছে,এবিসি ভ্যালুয়েশন কোম্পানি

লিঃ,মিন্টু একতা স্পোটিং ক্লাব,মিন্টু এগ্রো ফার্ম, তোফাজ্জেল হোসেন হাফিজিয়া মাদ্রাসা ও এতিম খানা,বলুহর ঢালী পাড়া জামে মসজিদ, বাংলাদেশ ইন্সুরেন্স সার্ভেয়ার এসোসিয়েশন, মায়ান ফ্যাশান হাউজ, ঢালী পাড়া ঈদগাহ ময়দান। এরমধ্যের প্রায় প্রতিষ্ঠানে সভাপতি ও প্রতিষ্ঠাতা তিনি।

নির্বাচন প্রসঙ্গে মাজেদুল ইসলাম (মিন্টু ঢালী) বলেন, ২০২০ সালে করোনার পর নিজ এলাকা কোটচাঁদপুর চলে আসি। এখান থেকে নিজ ব্যবসা প্রতিষ্ঠান পরিচালনা করে আসছি।

তিনি বলেন,বেকার যুবকদের নিজের প্রতিষ্ঠানে চাকুরির ব্যবস্থা করেছি। অসহায় মানুষের সহযোগিতা করে আসছি। এ সব কারনে প্রায় দিনই আমার বাসার সামনে অনেক মানুষ আসেন একটু সহযোগিতার জন্য। সেই থেকে অনুপ্রেরনা নিয়ে ও সরকারের অনুদানের সুষ্ঠু বন্টনের জন্য আসন্ন উপজেলা নির্বাচনে চেয়ারম্যান পদে অংশ গ্রহন করা।

মিন্টু বলেন, আমার ২৪ বছরের পরিশ্রমের ফল দেখে এলাকার কিছু মানুষ ঈর্ষান্বিত হয়ে আমার বিরুদ্ধে কিছু গুজব ছড়াচ্ছে। যাহা সম্পূর্ণ মিথ্যা, বানোয়াট, ভিত্তিহীন ও কাল্পনিক। আমি শতভাগ নিশ্চিত তাদের কাছে কোন প্রমাণ নাই।

ইতোমধ্যে মাজেদুল ইসলাম (মিন্টু ঢালী) কোটচাঁদপুর উপজেলার পৌরসভা সহ ৫ টি ইউনিয়নে সর্বত্র ব্যানার ফেস্টুনে অধিকাংশ জায়গা দখলে নিয়েছেন। আর গণসংযোগ ও পথসভায় সবার থেকে নিজেকে এগিয়ে রেখেছেন বলে দাবি করেছেন মিন্টু ঢালী। এ নির্বাচন অবাদ,নিরপেক্ষ ও সুষ্ট হলে জয়ের ব্যাপারেও আশাবাদী এই তরুন সমাজ সেবক ও উদ্যেক্তা।

কোটচাঁদপুর বিএনপির শান্তির সমাবেশ অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে উপজেলার এলাঙ্গী বিএনপির শান্তির সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার ইউনিয়নের গুড়পাড়া বাজারে বিএনপির

শান্তির সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। সমাবেশে সভাপতিত্ব করেন এলাঙ্গী ইউনিয়ন বিএনপির সভাপতি ও সাবেক উপজেলা চেয়ারম্যান ইকরামুল হক।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপি সহ-সভাপতি সাইফুর রহমান মিন্টু, উপজেলা সেচ্ছাসেবক দলের আহ্বায়ক কামরুজ্জামান সিদ্দিক, উপজেলা যুবদলের সদস্য সচিব মাহফুজ আলম মামুন, উপজেলা ছাত্র দলের সদস্য সচিব হুমায়ূন কবির হিরা, এলাঙ্গী ইউনিয়ন যুবদলের আহ্বায়ক আসাদুজ্জামান আসাদ প্রমুখ। শান্তি সমাবেশ পরিচালনা করেন ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক মোঃ মনিরুজ্জামান খোকা। এ সময় বিএনপি, যুবদল, ছাত্র দল, সেচ্ছাসেবক দল সহ সকল অঙ্গ সংগঠনের নেতা-কর্মী উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে এক কৃষকের সাড়ে ৭’শ কলাগাছ কেটে দিয়েছে প্রতিপক্ষরা

ঝিনাইদহ সদর উপজেলার চন্ডিপুর মিস্ত্রিপাড়া গ্রামের মাঠে পূর্ব শত্রুতার জেরে আল আমিন নামের এক কৃষকের ৭৫০ টি কলাগাছ কেটে দিয়েছে প্রতিপক্ষরা। গেলরাতে এ ঘটনা ঘটে। এ ঘটনায় ভুক্তভোগী পরিবারের পক্ষ থেকে আদালতে একটি অভিযোগ দায়ের করা হয়েছে।

স্থানীয়রা জানায়, গেল প্রায় ১০ বছর আগে চন্ডিপুর গ্রামের আব্দুর রাজ্জাক, বানিয়াকান্দর গ্রামের মামুন ও বৈডাঙ্গা গ্রামের মো: সালেহ যৌথভাবে ব্যবসা করতো। পরবর্তিতে তাদের মধ্যে ব্যবসায়িক লচ সংক্রান্ত বিষয় নিয়ে আব্দুর রাজ্জাকের চন্ডিপুর মিস্ত্রিপাড়া গ্রামের প্রায় ৭০ শতাংশ জমির দলির নিয়ে নেয় মামুন। পরবর্তিতে আব্দুর রাজ্জাকের কাছ থেকে তিন বছর আগে ওই জমি লিজ নিয়ে কলাগাছের চাষ করছিল চন্ডিপুর গ্রামের আল আমিন। এর মধ্যবর্তী সময়ে মামুন ওই জমি মো: সালেহ এর কাছে বেচে দেয়। কিন্তু আব্দুর রাজ্জাক বলে আমি শুধু দলিল মামুনকে দিয়েছি, কিন্তু জমি বিক্রি করিনি।

এ নিয়ে বিরোধের গেল রাতে ওই জমিতে লাগানো আল আমিনের ৭৫০ টি কলাগাছ কেটে দেয় সালেহ ও মামুনের সমর্থকরা। ক্ষতিগ্রস্থ কৃষক আল-আমিন জানান, এই গাছের মধ্যে ৪০০ টি কাচকলা ও ৩৫০ টি সবরি কলাগাছ ছিল। ইতোমধ্যে জমিতে তার খরচ হয়েছে প্রায় ৬৫ হাজার টাকা। কলা বিক্রি করতে পারলে সে প্রায় ৪ লক্ষাধীক টাকা আয় করতে পারতো।

ঝিনাইদহ সদর থানার ওসি শাহীন উদ্দিন বলেন, কলাগাছ কাটার বিষয়ে শুনেছি। এ ঘটনায় থানায় লিখিত অভিযোগ দিলে তদন্ত করে ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঝিনাইদহে দুই টাকায় দুপুরের খাবার ইয়াতিম শিশুদের মুখে তৃপ্তির হাঁসি

মাত্র দুই টাকায় দুপুরের খাবার। এখন আর দুই টাকা দিয়ে লজেন্স ছাড়া তেমন কিছু পাওয়া যায় না। ভিখারিকে দিলেও অনেক সময় নিতে চাই না। আর সেই সামান্য দুই টাকার বিনিময়ে ইয়াতিম শিশুদের হাতে দুপুরের খাবার তুলে দিয়েছে ঝিনাইদহের প্রগতি স্বেচ্ছাসেবী সংগঠনের সদস্যরা। প্রগতি স্বেচ্ছাসেবী সংগঠনের পক্ষ থেকে নিয়মিত কর্মসূচির অংশ হিসাবে “দুই টাকায় হাসি” এর দুপুরের খাবারের আয়োজন করা হয়েছিল। “তৃপ্তির হাসি ফুটুক ইয়াতিম শিশুদের মুখে মুখে” এই শ্লোগানে নিয়ে মঙ্গলবার দুপুরে ঝিনাইদহ সদর উপজেলার মথুরাপুর আদর্শ ইয়াতিমখানায় এ খাবার বিতরণ করা হয়। প্রতি মাসের নিয়মিত আয়োজনের ৭ম পর্বে মঙ্গলবার ঝিনাইদহে মথুরাপুর আদর্শ ইয়াতিমখানার প্রায় ৪০ জন ইয়াতিম শিশুদের মাত্র ২ টাকায় দুপুরের খাবার সাদা ভাত ও গরুর মাংসের আয়োজন করা হয়। দুই টাকায় দুপুরের খার যা আমাদের কাছে স্বপ্নের মতো।

মথুরাপুর আদর্শ ইয়াতিমখানার ছাত্র আজিজ মিয়া মাত্র দুই টাকায় দুপুরের খাবার পেয়ে বললেন, এটা আমার কাছে স্বপ্নের মত মনে হচ্ছে। দুই টাকায় খাবার পাবো এটা কখনও ভাবিনী।

খাবার বিতরণের সময় উপস্থিত ছিলেন, প্রগতি স্বেচ্ছাসেবী সংগঠনের সভাপতি সাজিদ মাহমুদ, সাধারণ সম্পাদক এইচ এম জহুরুল ইসলাম, দুই টাকায় হাসি পরিচালনা কমিটির সমন্বয়ক মোঃ মেহেদী হাসান, মোঃ মনিরুল ইসলাম, মোঃ ওসমান গনিসহ সংগঠনের বিভিন্ন পর্যায়ের দায়িত্বশীল সদস্যরা। এছাড়াও উপস্থিত ছিলেন স্বপ্নচারু একাডেমি অব ফাইন আর্টস এর পরিচালক শাহিন চারুদেশ ও ইঞ্জিনিয়ার আব্দুর রহমান চৌধুরী প্রমূখ।

স্বপ্নচারু একাডেমি অব ফাইন আর্টস এর পরিচালক শাহিন চারুদেশ বলেন, প্রগতি স্বেচ্ছাসেবী সংগঠন এর দুই টাকায় হাসি কর্মসূচির সার্বিক সফলতা কামনা করি এবং এই কার্যক্রম শুধুমাত্র ঝিনাইদহে নয় বরং পুরো দেশব্যাপী যেন চলমান থাকে এই প্রত্যাশা ব্যক্ত করছি।

ইঞ্জিনিয়ার আব্দুর রহমান চৌধুরী বলেন, ছোট ছোট কোমলমতি শিশুদের এই মুখের হাঁসি যেন সদ্য ফোঁটা গোলাপের ন্যায় ফুটে উঠেছে।

সংগঠনের সাধারণ সম্পাদক এইচ এম জহুরুল ইসলাম জানান, অসহায় ইয়াতিম শিশু, শ্রমজীবী ও অসহায়রাও তাদের মতো করে আত্মসম্মান নিয়ে সমাজে বসবাস করছেন। সম্পূর্ণ ফ্রিতে খাবার দেয়া হলে তাদের আত্মসম্মানবোধে আঘাত করা হবে। তাই আমরা সিদ্ধান্ত নিই ফ্রিতে না দিয়ে দুই টাকায় তাদের কাছে খাবার পৌঁছে দিতে। প্রগতি স্বেচ্ছাসেবী সংগঠনের সভাপতি সাজিদ মাহমুদ বলেন, প্রতিনিয়ত আমাদের কত টাকা তো এদিক-সেদিক খরচ হয়। আমাদের চারপাশে থাকা ইয়াতিম, শ্রমজীবি ছিন্নমূল পথশিশুদের জন্য কি আমরা এই সামান্য অর্থ ব্যয় করতে পারি না। আমরা মনে করি সমাজের পিচিয়ে পড়া এসব মানুষের সহযোগিতা করার জন্য অঢেল ধনসম্পদের চেয়ে সুন্দর মানসিকতাই বড়। এমন চিন্তা থেকে একদিন বন্ধু-বান্ধবের সাথে টোং দোকানের আড্ডা বাদ দিয়ে সেই টাকা অসহায় ইয়াতিম শিশুদের ও সুবিধাবঞ্চিতদের মুখে হাসি ফুটানোর প্রতিজ্ঞা করি। তারপর থেকেই আমাদের সংগঠনের পথচলা শুরু করি।

ঝিনাইদহে সহিংসতার প্রতিবাদে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের বিক্ষোভ মিছিল

ঝিনাইদহসহ সারাদেশে সহিংসতা, ভাংচুর, লুটপাট ও চাঁদাবাজির প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের শিক্ষার্থীরা।

সকালে শহরের উজির আলী স্কুল এন্ড কলেজ মাঠ থেকে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের ব্যানারে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে কেন্দ্রীয় শহীদ মিনারে গিয়ে শেষ হয়। সেখানে সংক্ষিপ্ত সমাবেশে অনুষ্ঠিত হয়।

সমাবেশে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক আবু হুরাইরা, শারমিন আক্তার, আবু রাইয়ানসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা, ঝিনাইদহসহ সারাদেশে সহিংসতা, লুটপাট ও চাঁদাবাজির প্রতিবাদ জানিয়ে বলেন, এরপর থেকে কোথাও কোন প্রকার লুটপাট যদি করা হয় তাহলে তার বিরুদ্ধে ছাত্ররা রুখে দাড়াবে। প্রযোজনে তাদের বিরুদ্ধে আন্দোলন গড়ে তোলা হবে বলেও হুশিয়ারি প্রদাণ করেন ।

ঝিনাইদহে পুলিশ সদস্যরা কাজে ফেরায় ফুল দিয়ে বরণ করে নিলো শিক্ষার্থীরা

৭ দিন পর ঝিনাইদহে কাজ শুরু করেছে পুলিশ সদস্যরা। সকাল থেকে জেলা শহরের পায়রা চত্বর, পোস্ট অফিস মোড়, আরাপপুরসহ গুরুত্বপূর্ণ স্থানে ট্রাফিক পুলিশের সদস্যরা কাজ শুরু করেন। এতে স্বস্তি নেমেছে জেলার সাধারণ মানুষের মাঝে।

ঝিনাইদহ ট্রাফিক ইন্সপেক্টর মশিউর রহমান জানান, জেলার ৬ উপজেলার ৪০ টি গুরুত্বপূর্ণ স্থানে তারা কাজ শুরু করেছেন। এতে তাদের সহযোগীতা করছে শিক্ষার্থীসহ রেডক্রিসেন্টের সদস্যরা।

এদিকে কাজে ফেরায় পুলিশ সদস্যদের ফুল দিয়ে বরণ করে নেয় শিবিরের নেতাকর্মীসহ শিক্ষার্থীরা। সকালে পোস্ট অফিস মোড়ে কর্মরত পুলিশ সদস্যদের ফুল দিয়ে বরণ করেণ শিবিরের নেতাকর্মীসহ শিক্ষার্থীরা। সেসময় তাদের পেশাগত দ্বায়িত্ব পালনে সকল প্রকার সহযোগিতার আশ্বাস দেন শিক্ষার্থীরা। এসময় উপস্থিত ছিলেন, শিবিরের শহর শাখার সভাপতি মেহেদি হাসান রাজু, আবরার জাহিন রনি, তানজিম বিন আলীম, মাসুদ রানা পারভেজ, সাব্বির হোসাইনসহ অন্যান্যরা।

শিবিরের শহর শাখার সভাপতি মেহেদি হাসান রাজু জানান, শহরের বিভিন্ন স্থানে পুলিশ সদস্যরা কাজ শুরু করেছে। এতে সাধারণ মানুষের মাঝে স্বস্তি ফিরে এসেছে। আমরা আমাদের পক্ষ থেকে তাদের সকল প্রকার সহযোগিতা করতে প্রস্তুত আছি। তারা কাজ শুরু করেছেন বলে আমরা তাদের ফুল দিয়ে বরণ করে নিয়েছি।

কোটচাঁদপুরে সনাতন ধর্মাবলম্বীদের সাথে মতবিনিময়

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির চেয়ারপার্সন সাবেক প্রধানমন্ত্রী দেশনেত্রী বেগম খালেদা জিয়ার সুযোগ্য সন্তান বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নির্দেশে সনাতন ধর্মাবলম্বীদের জান মালের নিরাপত্তা দেবে কোটচাঁদপুর উপজেলা ও পৌর বিএনপির নেতৃবৃন্দ কোটচাঁদপুরে সনাতন ধর্মাবলম্বীদের সাথে মতবিনিময় সভায় এসব কথা বলে ঝিনাইদহ জেলা বিএনপির সাধারণ সম্পাদক জাহিদুর জামান মনা।

আজ রবিবার (১১ আগষ্ট) বিকালে মেইন বাজারে সিদ্ধেশ্বরী কালী মন্দিরে এ সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন কেন্দ্রীয় কালী মন্দিরের সভাপতি

শিক্ষক দিবস চন্দ্র সিংহ।

বক্তব্য রাখেন ঝিনাইদহ হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের সভাপতি নারান চন্দ্র বিশ্বাস, উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক, সাধারণ সম্পাদক লিয়াকত আলী, সাবেক মেয়র ও পৌর বিএনপির সভাপতি এস কে এম সালাউদ্দিন বুলবুল সিডল, জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক ফারুক হোসেন খোকন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবুল কাশেম, উপজেলা বিএনপির সহসভাপতি মোঃ সাইফুর রহমান মিন্টু,জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক শাহাজান আলী, জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুব রহমান শেখর, জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক আসিফ ইকবাল মাখন,ঝিনাইদহ সদর উপজেলা হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের সভাপতি চন্দন বসু মুক্ত, জেলা বিএনপির সদস্য ইকরামুল হক, উপজেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক আলমগীর খান, দপ্তর সম্পাদক শহিদুল ইসলাম ভুইঁয়া প্রমুখ। মতবিনিময় সভা সঞ্চালনা করেন উপজেলা সেচ্ছাসেবক দলের আহ্বায়ক কামরুজ্জামান সিদ্দিক।

এ সময় উপস্থিত ছিল উপজেলা ও পৌর বিএনপির নেতৃবৃন্দ এবং সনাতন ধর্মাবলম্বী বিভিন্ন শ্রেণী পেশার মানুষ

ঝিনাইদহে সনাতন ধর্মাবলম্বীদের সাথে জেলা জামায়াতের মতবিনিময়

দেশের চলমান পরিস্থিতিতে শান্তি শৃঙ্খলা বজায় রাখা ও হামলা আতংক দূর করতে সনাতন ধর্মাবলম্বীদের সাথে মতবিনিময় করেছেন জেলা জামায়াত। গতকাল শনিবার রাতে শহরের শ্রী শ্রী বড় মাঠ কালি মন্দিরে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

এতে জেলা জামায়াতের আমীর অধ্যপক আলী আযম, সেক্রেটারি মো: আব্দুল আওয়াল, সাংগঠনিক সেক্রেটারি আব্দুল আলীম, শহর আমীর হারুন আর রশিদ সিনিয়র এডভোকেট আব্দুর রশিদ, এডভোকেট ইসমাইল হোসেন, শিবির

সভাপতি রাজু আহম্মেদসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা, সনাতন ধর্মাবলম্বীদের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার আশ্বাস দেন। প্রয়োজনে মন্দির বা বাসা-বাড়ি পাহারা দেওয়া হবে বলে আশ্বস্ত করে। সনাতন ধর্মাবলম্বী যেকারো সাথে অন্যায় করা হলে অন্যায়কারীদের বিরুদ্ধে কঠোর প্রদক্ষেপ নেওয়ার হুশিয়ারি দেন বক্তারা।

আলোচনা সভা শেষে গত ১৯ এপ্রিল আওয়ামী লীগের নেতাকর্মীদের হামলায় পঙ্গুত্ববরণকারী রিক্সাচালক কান্ত দাশের চিকিৎসার জন্য ২০ হাজার টাকা সহযোগিতা করেন তারা।

ঝিনাইদহে ৫ দফা দাবীসহ সনাতন ধর্মাবলম্বীদের মানববন্ধন

সংখ্যালঘু মন্ত্রনালয়, সুরক্ষা কমিটি গঠন, সংসদীয় আসন বরাদ্দসহ ৫ দফা দাবী আদায় ও নিরাপত্তার দাবীতে ঝিনাইদহের মানববন্ধন কর্মসূচী পালন করেছেন সনাতন ধর্মাবলম্বীরা।

আজ রোববার সকালে কালীগঞ্জ উপজেলা শহরের মধুগঞ্জ বাজারে কালীগঞ্জ সনাতনী সম্প্রদায়ের ব্যানারে এ কর্মসূচী পালিত হয়। এতে ব্যানার ফেস্টুন নিয়ে উপজেলার বিভিন্ন এলাকায় বসবাসরত সনাতনী সম্প্রদায়ের মানুষ অংশ নেয়।

ঘন্টাব্যাপী চলা এই কর্মসূচীতে কালীগঞ্জ হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের সভাপতি তিথি রানী ভদ্র, পূজা উদযাপন পরিষদের সাধারণ সম্পাদক প্রশান্ত খা, কালীগঞ্জ সার্বজনীন কালীবাড়ি মন্দিরের ভারপ্রাপ্ত সভাপতি নিশীথ বরণ সাহা, সাধারণ সম্পাদক অমিলন্দন বিশ্বাস সাধনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, তাদের দাবী মেনে নেওয়াসহ দেশের বিভিন্ন স্থানে সনাতনী ধর্মাবলম্বীদের মন্দির, বাড়িঘর ভাংচুর, লুটপাটের প্রতিবাদ জানিয়ে সকলের নিরাপত্তার দাবীও জানান।